যুগান্তর

তারিখ ... 22 DEC 2017 ...
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ১ ... ......

৫৫ লাখ পরীক্ষার্থীর অপেক্ষার অবসান

# প্রাথমিক সমাপনীসহ চারটি পরীক্ষার ফল ৩০ ডিসেম্বর

**যুগান্তর রিপোর্ট**

একই দিনে চারটি পরীক্ষার ফল প্রকাশিত হচ্ছে। পরীক্ষাগুলো হচ্ছে— প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী, জেএসসি ও জেডিসি। প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে সংশ্লিষ্ট মন্ত্রীরা ৩০ ডিসেম্বর সকালে আলাদাভাবে ফলাফলের সারসংক্ষেপ তুলে দেবেন প্রধানমন্ত্রীর হাতে। একই দিন নতুন শিক্ষা বছরের পাঠ্যবইও শিক্ষার্থীদের হাতে তুলে দেয়ার কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উল্লিখিত চার পরীক্ষায় এবার প্রায় ৫৫ লাখ শিক্ষার্থী অংশ নিয়েছে। এরমধ্যে প্রাথমিকে ২৮ লাখ ৬ হাজার ২৭৯ ও ইবতেদায়িতে ২ লাখ ৯৪ হাজার ৬২১ জন। অপরদিকে জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নেয় ২৩ লাখ ৯০ হাজার ১৩৪ জন।